13 NOV 1998

দৈনিক সংবাদ

তারিখ 13 NOV 1998
পৃষ্ঠা ৭ কলাম ৪

34

ফলোআপ

# বড়তলা মাদ্রাসায় দুর্নীতি

## তদন্তের নির্দেশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

সিলেট ঃ জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি নুরুল ইসলাম নাহিদ বিশ্বনাথ থানার বড়তলা মজহারিয়া দাখিল মাদ্রাসা তত্ত্বাবধায়কের বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও আত্মসাতের ব্যাপারে সুষ্ঠু তদন্তসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে সিলেটের জেলা প্রশাসককে নির্দেশ দিয়েছেন।

নুরুল ইসলাম নাহিদ জেলা প্রশাসককে এ নির্দেশ দেন গত ১৫ই অক্টোবর। এ পরিপ্রেক্ষিতে একজন প্রথম শ্রেণীর হাকিমকে তদন্তের ভার দেয়া হয়েছে। তবে এ খবর লেখা পর্যন্ত তেমন কোন অগ্রগতি হয়নি।

উল্লেখ্য, গত ১৩ই অক্টোবর 'সংবাদ'-এ বড়তলা মুহজারিয়া দাখিল মাদ্রাসার তত্ত্বাবধায়কের বিভিন্ন অপকর্ম সম্পর্কে একটি প্রতিবেদন প্রকাশিত হয়।

### আরো অভিযোগ

বড়তলা মজহারিয়া দাখিল মাদ্রাসা ব্যবস্থাপনা পরিষদের ১৩ জন কর্মকর্তার মধ্যে ৭ জনই তত্ত্বাবধায়কের পরিবারের সদস্য এবং আত্মীয়স্বজন বলে জানা গেছে।

অভিযোগ, তত্ত্বাবধায়ক নিজের পছন্দের ব্যবস্থাপনা পরিষদ গঠন করেছেন। সভার কোরাম হয় যেকোন ৫ জন সদস্যের উপস্থিতিতে। তাই সবকিছু জায়েজ করে নিতে অসুবিধা হয় না।

পদাধিকারবলে বিশ্বনাথ থানা নির্বাহী কর্মকর্তা ব্যবস্থাপনা পরিষদের সভাপতি। তবে সহ-সভাপতি তত্ত্বাবধায়কের ভাগ্নে। সম্পাদক তিনি নিজে। এছাড়া একমাত্র দাতা সদস্য, একজন অভিভাবক প্রতিনিধি, দু'জন শিক্ষানুরাগী সদস্য ও একজন শিক্ষক প্রতিনিধি তার দু' ভাই, দু'ছেলে, এক আত্মীয়। তাই তাকে কোন কিছু সিদ্ধ করতে বেগ পেতে হয় না।